



নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়  
বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ  
মানববিদ্যা অনুষদ

সুধী,

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় পশ্চিমবঙ্গের একমাত্র ইউ.জি.সি. স্বীকৃত মুক্ত বিশ্ববিদ্যালয় যা সারা দেশের মধ্যে NAAC মূল্যায়নে 'A' গ্রেড প্রাপ্ত হয়েছে এবং সম্প্রতি NIRF ranking-এ দেশের মধ্যে দ্বিতীয় স্থান লাভ করেছে। জাতীয় শিক্ষানীতির অনুক্রমে এই বিশ্ববিদ্যালয় স্নাতক স্তরীয় পঠন-পাঠনের পুনর্বিন্যাস করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। UGC-DEB Online & ODL Regulation 2020 কার্যবিধি অনুযায়ী পরিচালিত বর্তমানে প্রচলিত পাঠক্রমের পুনর্বিন্যাস এই পরিকল্পনার প্রাথমিক কাজ। ইতিমধ্যেই অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো আমাদের এই মুক্ত বিশ্ববিদ্যালয়ও চার-বছরের বাংলা ভাষা ও সাহিত্যের স্নাতক ডিগ্রি পাঠক্রম প্রস্তুতির কাজ সম্পন্ন করেছে। মুক্ত বিশ্ববিদ্যালয়ের এই নতুন পাঠক্রম অনুযায়ী পাঠ-উপকরণ প্রস্তুতি সম্পন্ন হবে। এই গুরুত্বপূর্ণ কাজে অংশগ্রহণ করবেন পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ।

এই মর্মে আগামী ২৬ সেপ্টেম্বর, বৃহস্পতিবার, ২০২৪, মুক্ত বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ একটি আলোচনাসভা ও কর্মশালার আয়োজন করেছে। আলোচনাসভাটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সেমিনার হলে (ডিডি ২৬, সেক্টর ১, সল্টলেক সিটি, কলিকাতা ৭০০০৬৪) সকাল ১১টায় অনুষ্ঠিত হবে। সম্মাননীয় ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ইন্দ্রজিৎ লাহিড়ি এই সভার উদ্বোধন করবেন। স্বাগত ভাষণ প্রদান করবেন মানববিদ্যা অনুষদের কার্যনির্বাহী আধিকারিক শ্রীদীপ মুখার্জি।

**আপনি আমন্ত্রিত**

ড: প্রাপ্তি চক্রবর্তী    সায়নদীপ ব্যানার্জী    গীতশ্রী সরকার  
সহকারী অধ্যাপক    সহকারী অধ্যাপক    সহকারী অধ্যাপক

অধ্যাপক মননকুমার মণ্ডল  
বিভাগীয় প্রধান

ড: অনামিকা দাস  
সহকারী অধ্যাপক

বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

২৬ সেপ্টেম্বর, ২০২৪ || সেমিনার হল || ডিডি ২৬, সেক্টর ১, সল্টলেক সিটি, কলিকাতা ৬৪